

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৯৮৯

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - গনীমাতের সম্পদ বণ্টন এবং তা আত্মসাৎ করা

بَابُ قِسْمَةِ الْغَنَائِمِ وَالْغُلُوْلِ فِيْهَا

আরবী

وَعَنْ سَلَمَةَ بْنِ الْأَكُوعِ قَالَ: بَعَثَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِظَهْرِهِ مَعَ رَبَاحٍ غُلَامِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا مَعَهُ فَلَمَّا أَصْبُحْنَا إِذَا عَبْدُ الرَّحْمَنِ الْفَرَارِيُّ قَدْ أَغَارَ عَلَى ظَهْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُمْتُ عَلَى أَكُمَةٍ فَاسْتَقْبَلْتُ الْمَدينَةَ فَنَادَيْتُ ثَلَاتًا يَا صَبَاحًا هُ ثُمَّ خَرَجْتُ فِي آثَارِ الْقَوْمِ أَرْمِيهِمْ بِالنَّبْلِ وَأَرْتَجِزُ وَأَقُولُ: فَنَادَيْتُ ثَلَاثًا يَا صَبَاحًا هُ ثُمَّ خَرَجْتُ فِي آثَارِ الْقَوْمِ أَرْمِيهِمْ بِالنَّبْلِ وَأَرْتَجِزُ وَأَقُولُ: فَنَا الْبُنُ الْأَكُوعُ وَالْيَوْمُ يَوْمُ الرُّضَعُ عَالَيْهِ وَسَلَّمَ إِلَّا خَلَقْتُهُ وَرَاءَ ظَهْرِي ثُمَّ البَّعُثُهُمْ أَرْمِيهِمْ حَتَّى أَلْقَوْا أَكْثَرَ مِنْ ثَلَاثِينَ بُرُدَةً عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا خَلَقْتُهُ وَرَاءَ ظَهْرِي ثُمَّ اتَبَعْتُهُمْ أَرْمِيهِمْ حَتَّى أَلْقَوْا أَكْثَرَ مِنْ ثَلَاثِينَ بُرُدَةً عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا خَلَقْتُهُ وَرَاءَ ظَهْرِي ثُمَّ اتَبَعْتُهُمْ أَرْمِيهِمْ حَتَّى أَلْقَوْا أَكْثَرَ مِنْ ثَلَاثِينَ بُرُدَةً عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا خَلَقْتُهُ وَرَاءَ ظَهْرِي ثُمَّ اتَبْعِثُهُمْ أَرْمِيهِمْ حَتَّى أَلْقُوا أَكْثُورَ مِنْ ثَلَاثِينَ بُرُدَةً وَوَلَاتِ مَنَامَ وَرَاءَ مَعْمُونَ وَلَا يَطْرَحُونَ شَيْنًا إِلَّا جَعَلْتُ عَلَيْهِ وَسَلَّمَ بِعَبْدِ الرَّحْوَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُعْمَعُهُمَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُ عَلَيْهِ وَسَلَّمَ الْهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْلُهُ عَلَيْهِ وَسَلَّمَ الْقَارِسِ وَسُلَمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُعَلِي وَسَلَّمَ الْمُعَمُعَهُمَا إِلَيَّ وَسَلَّمَ الْمَالِهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُعْرِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُعَنِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَيْ أَلُولُوسِ مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا أَلُهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا اللَّهِ مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا أَنْمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا أَلْ عَلَيْهِ وَسَلَمَ أَلُو عَلَى الْمَعْمُعُهُمَا إِلَيْ عَمِعْقُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّم

বাংলা

৩৯৮৯-[৫] সালামাহ্ ইবনুল আক্ওয়া' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম স্বীয় গোলাম রবাহ-কে উট ইত্যাদির তত্ত্বাবধানে (মদীনার বাইরে) পাঠালেন, আমিও তার সাথে ছিলাম। ভোর হতে না হতেই আকস্মিক আক্রমণ করে (গাৎফান গোত্রের অন্যতম দলনেতা) 'আব্দুর রহমান ফাযারী



রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর উটগুলো লুট করে নিয়ে গেল। (সালামাহ্ বলেন) আমি একটি উচ্চ টিলার উপরে উঠে মদীনার দিকে মুখ করে তিনবার উচ্চস্বরে 'ইয়া সবাহাহ্' (বিপদ সংকেত) বলে চিৎকার করলাম। অতঃপর আমি লুপ্তনকারী শত্রুদলের প্রতি তীর নিক্ষেপ করতে করতে তাদেরকে ধাওয়া করলাম। আর ছন্দ আবৃত্তি করতে থাকলাম- 'আমি আক্ওয়া'-এর স্থনামধন্য পুত্র, আজ মাতৃদুগ্ধ স্মরণের দিন'।

অবশেষে আমি তাদের প্রতি অবিরাম তীর নিক্ষেপ করতে করতে অগ্রসর হতে লাগলাম এবং লুষ্ঠিত উটগুলো আমার পশ্চাতে ফেলে রেখে পুনরায় তীর নিক্ষেপ করতে করতে তাদের পিছনে ছুটলাম। পরিশেষে (আমার আক্রমণে তারা অতিষ্ঠ হয়ে) শরীরের বোঝা লাঘবের নিমিত্তে ত্রিশটির অধিক চাদর, কম্বল ও ত্রিশটি বর্শা শরীর হতে ফেলে দ্রুত পালিয়ে গেল। অতঃপর আমি প্রতিটি চাদর কম্বল ও বর্শার উপরে পাথর চাপা দিয়ে এই চিহ্ন রেখে গেলাম যেন রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তার সাথীরা এ কথা বুঝতে পারেন যে, এ সমস্ত জিনিসগুলো আমিই শক্রদের নিকট হতে করায়ত্ব করেছি। এতক্ষণে আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তার সাথীদেরকে দেখতে পেলাম।

এমন সময়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ঘোড়সওয়ার আবূ কাতাদাহ 'আব্দুর রহমান ফাযারীকে সম্মুখে পেয়ে হত্যা করে ফেললেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উৎসাহের সাথে বললেন, আবূ কাতাদাহ হলো আমাদের ঘোড়সওয়ারীদের মধ্যে উত্তম, আর পদাতিকের মধ্যে সর্বোত্তম হলো সালামাহ্ ইবনুল আক্ওয়া'। সালামাহ্ বলেন, অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে দু'-তৃতীয়াংশ দিলেন। এক অংশ অশ্বারোহীর এবং আরেক অংশ পদাতিকের। অতঃপর মদীনায় প্রত্যাবর্তনকালে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তার 'আযবা নামক উটের উপরে তার পিছনে বসিয়ে নিলেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৮০৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসের মূল প্রতিপাদ্য বিষয় হলো সালামাহ্ ইবনুল আক্ওয়া'-কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম দু'ভাবে অংশ দিয়েছেন, অশ্বারোহী হিসেবে এবং পদাতিক হিসেবে। যদিও সে পদাতিক ছিল, কেননা গনীমাত অর্জনে তার ভূমিকা ছিল মুখ্য। (মিরকাতুল মাফাতীহ ৭ম খন্ড, ৫০৪ পৃঃ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন